বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৫৩ তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৮০ তম কমিশন সভা গত ৩০/০৬/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Mostafa Metal Industries Ltd. এর ১১.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১,১০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO- এর মাধ্যমে Eligible Investors -এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO- এর মাধ্যমে ১১.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ব্যাংক ঋণ পরিশোধ, কার্যকরী মূলধন এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে ডিসেম্বর ২০২০ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৭৬ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১০.৯০ টাকা। SME Platform এ লেনদেন এর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে যথাক্রমে NBL Capital & Equity Management Limited এবং Swadesh Investment Management Limited. অদ্যকার কমিশন সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজ এ যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমাণ ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, এটি কোন পাবলিক অফার নয়, বাংলাদেশে SME Platform এ তালিকাভুক্তির জন্য কমিশন কর্তৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO).

০২. IFIC Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Unsecured, Non-convertible, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। Subordinated বন্ডটির কুপন হার সর্বনিম্ন (ফ্লোর) ৭.৫% সর্বোচ্চ সিলিং ১০.৫০%, যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়াল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে।
উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে IFIC Bank Limited এর Tier-2 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিট/লটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা। এই বন্ডের Trustee "Sena Kalyan Insurance Company Limited" এবং Arranger হিসাবে কাজ করছে Standard Chartered Bank.

০৩. কমিশন অদ্যকার সভায়, সন্ধানী এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিবন্ধন সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

30-06-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd